## তালিকাভুক্তি ও নিরাপত্তা ছাড়পত্র বিষয়ক নীতিমালা (সংযোজন)

১। এখন হতে ডিজিডিপিতে তালিকাভুক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত পরিচয়পত্র ০১ (এক) বছরের পরিবর্তে **প্রতি ০২ বছর অন্তর নবায়ন** করা হবে।

২। ০২ বছরের জন্য প্রতিটি **পরিচয়পত্র নবায়ন ফি বাবদ ৫০০ টাকার পে-অর্ডার সরবরাহকারীর নিকট** হতে নবায়নকালে আদায় করা হবে।

৩। তালিকাভুক্তি বাতিল হওয়ার **০৩ মাসের মধ্যে** ইস্যুকৃত সকল আইডি কার্ড **(প্রতি সরবরাহকারীর সর্বোচ্চ ০৩ টি) রেজিঃ শাখায় জমা করতে হবে।** তালিকাভুক্তি বাতিল হবার ০৩ মাসের মধ্যে কোন সরবরাহকারী আইডি কার্ড জমা করতে ব্যর্থ হলে প্রতিটি আইডি কার্ডের জন্য প্রতি মাসে **৫০০.০০ টাকা করে জরিমানা স্বয়ংক্রিয় ভাবে** আরোপ করা হবে। জরিমানার টাকা অনাদায়ে নিরাপত্তা জামানত ফেরত প্রদান কালে সমন্বয় করা হবে।

৪। বর্তমান নীতিমালা অনুযায়ী নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ার ০৮ মাস পূর্বেই সংশ্লিষ্ট সরবরাহকারী কর্তৃক নবায়নের জন্য আবেদন করতে হবে। **মেয়াদ শেষ হওয়ার নূন্যতম ০৬ মাস পূর্বে সরবরাহকারী হতে আবেদন গৃহীত না হলে উক্ত সরবরাহকারীর নিকট নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পূর্ব পর্যন্ত সিডিউল বিক্রয় বন্ধ থাকবে।**

৫। যে সকল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র নবায়নের নিমিত্তে সঠিক সময়ে ডিজিএফআইতে প্রেরণ করা হবে ঐ সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদোত্তীর্ণ হওয়ার **০১ বছরের মধ্যে ছাড়পত্র না পাওয়া গেলে তালিকাভুক্তি বাতিল করা হবে। উল্লেখ্য, উক্ত ০১ বছরের মধ্যে সংশ্লিষ্ট সরবরাহকারীর সাথে ডিজিডিপি'র সকল ব্যবসায়িক কর্মকান্ড অব্যাহত থাকবে।**

মেজর
সহকারি পরিচালক (রেজিঃ)